

## বরিশাল বোর্ডে আরও ৫৩ শিক্ষার্থী উত্তীর্ণ

স্টাফ রিপোর্টার, বরিশাল ।  
এসএসসি পরীক্ষায় বরিশাল শিক্ষা বোর্ডের ঘোষিত ফলাফলের পুনঃনিরীক্ষণে ১৬৩ পরীক্ষার্থীর গ্রেড পরিবর্তন হয়েছে। এর মধ্যে ফেল থেকে পাস করেছে আরও ৫৩ শিক্ষার্থী। পুনঃনিরীক্ষণের ফল বোর্ডের ওয়েবসাইটে দেয়ার পর এ তথ্য জানা গেছে। বৃহস্পতিবার সকালে ঘোষিত ফলে দেখা গেছে, জিপিএ-৫ প্রাপ্তদের সংখ্যাও বেড়েছে। পুনঃনিরীক্ষণের আবেদন করে ১৭ শিক্ষার্থী জিপিএ-৫ পেয়েছে।